# ALL INDIA RADIO, SILCHAR

*****************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 15-04-2024

***Time: 19:45-19:55 Hrs***

**---------------------------------------**

(১) বিজেপি'র প্রবীণ নেতা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নির্বাচনী প্রচারে অংশ নিতে আগামীকাল গুয়াহাটিতে/পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ও তৃণমূল কংগ্রেসের প্রধান মমতা ব্যানার্জীর আগামী বুধবার শিলচরে দলীয় প্রার্থীর হয়ে নির্বাচনী সভা/

(২) নির্বাচনের প্রাক্কালে আন্তঃরাজ্য ও আর্ন্তজাতিক সীমান্তে হিংসাত্মক কার্যকলাপ রোধে আসাম ও মিজোরাম সরকারের কঠোর পদক্ষেপ গ্রহণ/

এবং

(৩) প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনের পূর্বে দেশে বিধি বলবৎকারী সংস্থাগুলির চার হাজার ৬৫০ কোটি টাকারও বেশি মূল্যের অর্থ ও সম্পত্তি বাজেয়াপ্ত/

---------------------------------------------------------------------------

তিনটি পর্যায়ে অনুষ্ঠেয় লোকসভা নির্বাচনের প্রথম পর্যায়ের ভোটগ্রহণের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে আসামে বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার অভিযান তুঙ্গে উঠেছে । রাজনৈতিক দলগুলির শীর্ষ নেতৃবৃন্দ এবং তারকা প্রচারকরা

বিভিন্ন স্থানে জনসমাবেশ, মোটর সাইকেল র‍্যালি, রোড শো ইত্যাদিতে অংশগ্রহণ করে প্রচার চালাচ্ছেন । এছাড়া বিভিন্ন অঞ্চলে গিয়ে ভোটদাতাদের সঙ্গে মত বিনিময় করে প্রার্থীরা নিজেদের প্রতি ভোটারদের আকর্ষিত করার প্রয়াস অব্যাহত রেখেছেন । বিজেপি'র প্রবীণ নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নির্বাচনী প্রচারে অংশ নিতে আগামীকাল সন্ধ্যায় গুয়াহাটি এসে পৌঁছুবেন । বরঝাড় বিমান বন্দরে শ্রী মোদীকে স্বাগত জানাতে দলীয় নেতা কর্মীরা উপস্থিত থাকবেন । শ্রী মদীর কার্যসূচীর প্রতি লক্ষ্য রেখে গুয়াহাটি মহানগরে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে । তিনি আগামী বুধবার বড়পেটা এবং দরং-উদালগুড়ি লোকসভা আসনের দলীয় দুই প্রার্থীর হয়ে নির্বাচনী প্রচারে অংশ নেবেন ।

এদিকে বিজেপি'র জাতীয় সভাপতি জে পি নাড্ডার আগামী বৃহস্পতিবার কোকরাঝাড়ে নির্বাচনী প্রচারে অংশ নেবার কথা রয়েছে । তিনি বিজেপি মিত্রজোটের ইউ পি পি এল প্রার্থী জয়ন্ত বসুমাতারীর হয়ে নির্বাচনী প্রচারে যোগ দেবেন ।

অন্যদিকে কংগ্রেস নেত্রী প্রিয়াঙ্কা গান্ধী আগামীকাল যোরহাটে নির্বাচনী প্রচার চালাবেন । তিনি যোরহাট লোকসভা আসনে বিরোধী মিত্রজোটের প্রার্থী গৌরব গগৈর হয়ে টিটাবর থেকে যোরহাট পর্যন্ত পদযাত্রায় অংশগ্রহণ করে প্রচার চালাবেন । কংগ্রেস নেতা রাহুল গান্ধী যোরহাট ও ডিব্রুগড়ের দলীয় প্রার্থীদের হয়ে প্রচারে অংশ নেবেন ।

এছাড়া ডিব্রুগড় লোকসভা আসনের প্রার্থী সর্বানন্দ সনোয়াল আজ মাকুমে বেশকয়েকটি নির্বাচনী জনসভায় আংশ নেন । বিজেপি নেতা ও রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ কাজিরাঙ্গা লোকসভা আসনে বিজেপি মিত্রজোটের প্রার্থী কামাখ্যা প্রসাদ তাসার হয়ে নির্বাচনী প্রচার চালিয়েছেন ।

বিজেপি'র প্রবীণ নেতা তথা কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ্ আজ ত্রিপুরায় রাজ্যের লোকসভা আসনগুলিতে দলীয় প্রার্থীদের জয়ী করার জন্য ভোটারদের প্রতি আহ্বান জানান । তিনি আজ কুমারঘাটে আয়োজিত এক জনসভায় অংশ নেন । তিনি গতকাল আগরতলায় এসে দলীয় কর্মীদের সঙ্গে বৈঠক করেন । এরপর আজ বিকেলে মণিপুরে দলীয় প্রার্থীর হয়ে নির্বাচনী প্রচারে অংশ নিতে

পূর্ব ইম্ফাল জেলায় যান । তিনি মণিপুরের মুখ্যমন্ত্রী এন. বীরেন সিংহ, বিজেপি'র মণিপুর রাজ্য কমিটির সভাপতি এবং অন্যান্য নেতাদের সঙ্গে জনসভায় অংশ নিচ্ছেন । উল্লেখ্য- বিজেপি ইনার মণিপুর লোকসভা আসনে দলীয় প্রার্থী টি বসন্ত কুমারকে এবং আউটার মণিপুর আসনের নাগা পিপল্স ফ্রন্ট (এন পি এফ) প্রার্থীকেই সমর্থন করছে । এদিকে কংগ্রেস ও তাদের সমর্থক দলগুলি ইনার মণিপুর লোকসভা আসনে এ. বিমল আকৈজাম'এর হয়ে প্রচার চালাচ্ছে /

-------------------------------------------------------------------------------

এদিকে দ্বিতীয় পর্যায়ে বরাক উপত্যকার দুটি লোকসভা আসনের নির্বাচনের জন্য বিভিন্ন রাজনৈতিক দলের প্রস্তুতি ও প্রচারও এগিয়ে চলেছে । পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ও সারা ভারত তৃণমূল কংগ্রেসের চেয়ার পার্সন মমতা ব্যানার্জী আগামী বুধবার শিলচর আসছেন । তিনি ঐদিন শিলচরের টাউন ক্লাব ময়দানে দলীয় প্রার্থী রাধেশ্যাম বিশ্বাসের হয়ে নির্বাচনী জনসভায় বক্তব্য রাখবেন । আজ শিলচরে সাংবাদিকদের সঙ্গে কথা প্রসঙ্গে তৃণমূল কংগ্রেসের রাজ্য সভাপতি রিপুণ বরা বলেছেন যে- বিজেপিকে প্রতিহত করতে তৃণমূল কংগ্রেসই একমাত্র বিকল্প ।

এদিকে শ্রীমতি ব্যানার্জীর বরাক উপত্যকা সফরের পরিপ্রেক্ষিতে আজ হাইলাকান্দির তৃণমূল কংগ্রেস কার্যালয়ে এক কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে । এই সভায় করিমগঞ্জ লোকসভা আসনের নির্বাচনে তৃণমূল কংগ্রেসের অবস্থান নিয়ে আলোচনা করা হয় ।

-------------------------------------------------------------------------------

এস ইউ সি আই কমিউনিস্ট দলের প্রার্থীর সমর্থনে আজ কাছাড় জেলার ভাগা বাজার , সোনাবাড়িঘাট , উত্তর কৃষ্ণপুর সহ বিভিন্ন স্থানে প্রচার চালানো হয় ।এছাড়া সন্ধ্যায় সোনাবাড়িঘাট বাজারে নির্বাচনী সভার আয়োজন করা হয় ।সভায় দলের প্রার্থী প্রভাস চন্দ্র সরকার , জেলা কমিটির সদস্য সুব্রত চন্দ্র নাথ প্রমূখ দলীয় প্রার্থীর সমর্থনে বক্তব্য রাখেন ।

-------------------------------------------------------------------------------

রাজ্যে আসন্ন লোকসভা নির্বাচন অবাধ ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নির্বাচন কমিশন বিশেষ তৎপরতা গ্রহণ করেছে। এই অনুসারে প্রতিটি ভোটগ্রহণ কেন্দ্রে ভোটদাতাদের জন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা সহ ভোটগ্রহণ প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করতে কমিশন নিরাপত্তা ব্যবস্থা এবং অন্যান্য দিকগুলি সূক্ষ্মভাবে তদারক করছে । নির্বাচনে স্পর্শকাতর হিসেবে বিবেচিত হওয়া ভোটকেন্দ্রগুলিতে ওয়েবকাস্টিং ব্যবস্থা রাখা হচ্ছে। এবং ভোটকেন্দ্রের ভিতরে ও বাইরে সি এ পি এফ অর্থাৎ কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী নিয়োগ করা হবে । এছাড়া ই ভি এম সমূহ আনা-নেওয়া করা বাহনগুলিতে জিপিএস লাগানো হবে। প্রায় কুড়ি হাজার বাহনে জিপিএস ট্র্যাকিং এর ব্যবস্থা থাকবে । রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক অনুরাগ গোয়েল এই বিষয়ে আরো জানিয়েছেন যে- এপর্যন্ত নিরাপত্তা বাহিনীর ষাট কোম্পানি জওয়ান মোতায়েনের ব্যবস্থা করা হয়েছে । এবং রাজ্য ও আর্ন্তজাতিক সীমান্তগুলিতে জনসাধারণের আসা-যাওয়ার উপর সতর্ক দৃষ্টি রাখা হচ্ছে । তিনি বলেন যে- এইবার ভোটকেন্দ্র গুলিতে দৃষ্টিহীন লোকেদের জন্য ব্রেইল পদ্ধতিতে ভোটদানের ব্যবস্থা থাকবে । এছাড়া প্রবীন নাগরিক, সন্তান সম্ভবা এবং দিব্যাঙ্গদের অপেক্ষা না করিয়ে ভোট দেওয়ার সুবিধা দেওয়া হবে। এছাড়া ৮৫ বছরের বেশি বয়সের নাগরিক ও শারীরিক প্রতিবন্ধকতা থাকা লোকেদের তাদের ইচ্ছা অনুসারে নিজেদের ঘরে বসে ভোটদানের সুবিধা দেওয়া হয়েছে ।

------------------------------------------------------------------------

মিজরামের পুলিশ সঞ্চালক প্রধান ডি জি পি অনিল শুক্লা বলেছেন যে আসন্ন লোকসভা নির্বাচন অবাধ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য মিজোরাম পুলিশ ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে ।আইজলে আজ সংবাদ মাধ্যমের সংগে কথাবার্তার সময় শ্রী শুক্লা বলেন যে রাজ্যে আগামী ১৯ শে এপ্রিল অনুষ্ঠেয় লোকসভা নির্বাচনের জন্য মিজোরাম পুলিশ সম্পূর্ন প্রস্তুত রয়েছে । তিনি জানান কেন্দ্রীয় সরকার কেন্দ্রীয় সশস্ত্র বাহিনীর ১২ কোম্পানী রাজ্যে প্রেরণ করেছে । ডিজিপি শ্রী শুক্লা জানিয়েছেন যে মিজোরাম পুলিশ নির্বাচন কমিশনের জারি করা নির্বাচনী আদর্শ আচরনবিধি লংঘন সংক্রান্ত বিষয়ে ও দিনরাত্র পর্যবেক্ষন রেখে চলেছে । ১৯ টি অতি স্পর্শকাতর ভোটকেন্দ্রের জন্য

ব্যাপকভাবে নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।এই ভোটকেন্দ্রগুলিতে বিশেষ সুরক্ষা ব্যবস্থা ও প্রদান করা হবে ।শ্রী শুক্লা জানান মনিপুর ত্রিপুরা ও আসামের সংগে আন্তরাজ্য সীমান্তে প্রতিমুহুর্ত্তে নজরদারি রাখা সহ  মায়ানমার ও বাংলাদেশের সংগে আর্ন্তজাতিক সীমান্তে ও নজরদারি রাখা হচ্ছে । উল্লেখ্য মিজোরামে আগামী ১৯ শে এপ্রিল অনুষ্ঠেয় প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনে প্রায় ৮ লক্ষ ভোটদাতা তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন ।

---------------------------------------------------------------------------

লোকসভা নির্বাচনের ৭৫ বছরের ইতিহাসে বিধি বলবৎকারী সংস্থাসমূহ এইবার রেকর্ড পরিমাণ অর্থ ও সম্পত্তি বাজেয়াপ্ত করেছে । আসন্ন লোকসভা নির্বাচনের পূর্বে সংস্থাগুলি বিগত পয়লা মার্চ থেকে প্রতিদিন একশো কোটি টাকা বাজেয়াপ্ত করেছে। নির্বাচন কমিশনের তথ্য অনুসারে বিধি বলবৎকারী সংস্থাগুলি প্রথম পর্যায়ের নির্বাচনের আগে এপর্যন্ত সমগ্র দেশে চার হাজার ৬৫০ কোটি টাকারও বেশি মূল্যের সামগ্রী জব্দ করতে সমর্থ হয়েছে । তথ্য অনুসারে ৩৯৫ কোটি টাকারও বেশি অর্থ সহ চার হাজার ৮৯ কোটি টাকা মূল্যের মদ জব্দ করা হয়েছে । এছাড়া ৫৬২ কোটি টাকা মূল্যের সোনা এবং একহাজার ১৪২ কোটি টাকা মূল্যের অন্যান্য সামগ্রী বাজেয়াপ্ত করা হয়েছে । উল্লেখ্য- ২০১৯ সালের সংসদীয় নির্বাচনের সময় নির্বাচন কমিশন তিন হাজার ৪৭৫ কোটি টাকা মূল্যের সামগ্রী বাজেয়াপ্ত করেছিল ।  কমিশনের তথ্য অনুসারে- অবৈধ ধনের বিরুদ্ধে কমিশনের অবস্থান পরবর্তী সময়েও কঠোর থাকবে । এবং এধরণের অভিযান অব্যাহত থাকবে ।

---------------------------------------------------------------------------

শিলচর লোকসভা এলাকার  পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট গ্রহণের জন্য পোস্টাল ব্যালট ফেসিলিটেশন  সেন্টারের কাজ  আগামীকাল অর্থাৎ ১৬ ই এপ্রিল থেকে শুরু হবে চলবে ১৮ ই এপ্রিল পর্যন্ত । শিলচর বংগভবনের নিকটে সদর কার্যলয়ে এই সেন্টার খোলা হবে । শুধুমাত্র ভোটার ও নির্বাচনী কাজে জড়িতদের জন্যই এই সেন্টার আগামী তিনদিন ধরে চলবে ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জে ১৮ ই এপ্রিল থেকে ভোটগ্রহন কর্মীদের দলগত প্রশিক্ষণ শুরু হবে । ই ভিএম ও ভিভিপেট সংক্রান্ত দলগত এই প্রশিক্ষণ প্রিসাইডিং ও পোলিং অফিসারদের দেওয়া হবে । আসন্ন লোকসভা নির্বাচন উপলক্ষে ভোটগ্রহনের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে দলগত প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়েছে ।১৮ এপ্রিল থেকে ২০ এপ্রিল পর্যন্ত তিনদিন জেলার মোট ৬ টি শিবিরে দলগত প্রশিক্ষণ শিবির সম্পন্ন হবে ।প্রশিক্ষণের প্রথম পর্ব সকাল ১০ টা থেকে শুরু হবে চলবে দুপুর ১ টা পর্যন্ত ।দ্বিতীয় পর্ব বেলা দেড়টা থেকে সাড়ে চারটে পর্যন্ত চলবে ।প্রশিক্ষণ করিমগঞ্জের ফ্রন্টিয়ার সিনিয়র সেকেন্ডারি স্কুল , গর্ভমেন্ট হায়ার সেকেন্ডারি স্কুল , করিমগঞ্জ সিনিয়র সেকন্ডারি সায়েন্স স্কুল , এম এম এম সি গার্লস হায়ার সেকেন্ডারি স্কুল , নীলমনি হায়ার সেকেন্ডারি স্কুল ও রবীন্দ্র সদন মহিলা কলেজে এই প্রশিক্ষন অনুষ্ঠিত হবে ।এছাড়া জেলা আয়ুক্তের কার্যালের গ্রাউন্ড ফ্লোরে ও ইভিএম ও ভিভিপেট সংক্রান্ত একটি কেন্দ্র সক্রিয় রয়েছে ।

--------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলার ২০২৪ সালের হজ যাত্রীদের এক দিবসীয় ওরিয়েন্টেশন ট্রেনিং ১৭ ও ১৮ ই এপ্রিল জেলার চারটি স্থানে অনুষ্ঠিত হবে । আসাম মেঘালয় নাগাল্যান্ড ইতাদি যুগ্ম রাজ্য হজ কমিটির কার্যবাহী আধিকারিক ও সচিব জানিয়েছেন ১৭ এপ্রিল করিমগঞ্জের কানিশাইল মর্কজ ও বদরপুরে দেওরাইল টাইটেল মাদ্রাসায় এক দিবসীয় প্রশিক্ষন অনুষ্ঠিত হবে । এক ইভাবে ১৮ ই এপ্রিল পাথারকান্দিতে কাবাড়িবন্দ মাদ্রাসা এবং আছিমগঞ্জে আসিমিয়া এম ই স্কুলে হজ যাত্রীদের একদিবসীয় প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে । প্রশিক্ষণ সকাল ১০ টা থেকে শুরু হবে ।

--------------------------------------------------------------------------------